

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বৃত্তি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৮০.১১.০১০.১৮-১৯৯

তারিখ : ১৭ ভাদ্র ১৪২৯
০১ সেপ্টেম্বর ২০২২

প্রজ্ঞাপন

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর-এঁর অনুমোদনক্রমে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০০৩ এর ধারা ১০ (১) অনুযায়ী অধ্যাপক ড. মিহির রঞ্জন হালদার, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা-কে উক্ত বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে ০৪ (চার) বছরের জন্য নিম্নোক্ত শর্তে নিয়োগ করা হলো:

- ক. ভাইস চ্যান্সেলর হিসেবে তাঁর এ নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ হতে ০৪ (চার) বছর হবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে তিনি নিয়মিত চাকরির বয়সপূর্তিতে মূল পদে প্রত্যাবর্তনপূর্বক অবসরগ্রহণের আনুষ্ঠানিকতা সম্পাদন শেষে উক্ত মেয়াদের অবশিষ্টাংশ পূর্ণ করবেন;
- খ. তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতা প্রাপ্য হবেন;
- গ. তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;
- ঘ. তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন এবং
- ঙ. মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

০২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে



০১/০৯/২০২২

(মোছাঃ রোখছানা বেগম)

উপসচিব

ফোন: +৮৮ ০২২২৩৩৯০৬৭২

ই-মেইল: ds_s.tech@moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৮০.১১.০১০.১৮-১৯৯

তারিখ : ১৭ ভাদ্র ১৪২৯
০১ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

চলমান পাতা-০২

৩. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. উপাচার্য, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।
৬. অধ্যাপক ড. মিহির রঞ্জন হালদার, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা
৭. অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৮. জেলা প্রশাসক, খুলনা।
৯. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০. উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১১. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৩. পি. আই. ডি., তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
(প্রজ্ঞাপনটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৫. রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।
১৬. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. অফিস কপি।

R